

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:15-02-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Shivratri :

আজ মহাশিব রাত্রি বা শিব চতুর্দশী। হিন্দু ধর্মাবলম্বীদের কাছে এক বিশেষ তিথি। পঞ্জিকা অনুযায়ী এবছর শিব চতুর্দশী তিথি আজ বিকাল ৪টা ৪৯ মিনিটে শুরু হয়ে আগামীকাল বিকেল ৫টা ৩৪ মিনিট পর্যন্ত। রাজ্যের বিভিন্ন শিব মন্দির ও শিববাড়িতে এই উপলক্ষে বিশেষ পূজার্চনার আয়োজন করা হয়। উদয়পুরের মহাদেব বাড়ি, আগরতলার আসাম রাইফেলস শিববাড়ি, সেন্ট্রাল রোডস্থিত শিববাড়ি, ইতিমধ্যেই আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে। শিবচতুর্দশীর পূজা উপকরন বেল, বেলপাতা, ধূতরো ফুল, ইত্যাদি উপকরনে বাজারগুলো ইতিমধ্যে সেজে উঠেছে।

PM-Assam :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসামে ৫,৪৫০ কোটি টাকারও বেশি মূল্যের বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও সূচনা করেছেন। গতকাল গুয়াহাটিতে, তিনি ৩,০০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ব্রহ্মপুত্র নদীর উপর কুমার ভাস্কর বর্মা সেতুর উদ্বোধন করেন। কামরূপ জেলার আমিনগাঁওয়ে আইআইএম গুয়াহাটীর অস্থায়ী ক্যাম্পাস এবং উত্তর-পূর্ব অঞ্চলের জন্য জাতীয় ডেটা সেন্টারের ভার্চুয়ালভাবে উদ্বোধন করেন।

তিনি ভারতের চারটি শহরের জন্য পিএম-ইবাস সেবা প্রকল্পের আওতায় ২২৫টি বৈদ্যুতিক বাসের সূচনা করেন। এর আগে, প্রধানমন্ত্রী ডিব্রুগড় জেলার একটি জাতীয় মহাসড়কের পাশে নির্মিত মোরান বাইপাসে জরুরি অবতরণ সুবিধার উদ্বোধন করেন এবং যুদ্ধবিমান, পরিবহন বিমান এবং হেলিকপ্টারের আকাশ প্রদর্শনী প্রত্যক্ষ করেন। এছাড়া গতকাল গুয়াহাটিতে একটি বৃথ বিজয় সংকল্প সভায় প্রধানমন্ত্রী বলেন, গত ১১ বছরে BJP-র নেতৃত্বাধীন NDA সরকার উত্তর পূর্বাঞ্চলের ব্যাপক উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

C.M Working Journalists Asso:

ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্টস এসোসিয়েশনের দুদিন ব্যাপী রাজ্য সম্মেলন ও কর্মশালা আজ শেষ হচ্ছে। দ্বিতীয় দিনে সংস্থার নতুন পরিচালন কমিটি গঠন করা হবে। এদিকে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলার শহীদ ভগৎ সিং যুব আবাসের কনফারেন্স হলে ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের দু'দিনব্যাপী রাজ্য সম্মেলন ও সাংবাদিক কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন, সংবাদপত্রকে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ বলা হয়। কলম হলো তলোয়াড় থেকেও ধারালো। এ রাজ্যের সাংবাদিকগণও অন্য রাজ্যের তুলনায় কোন অংশে কম নন। মুখ্যমন্ত্রী আরো বলেন, বর্তমান সরকার সংবাদ বাস্তব, সীমাবদ্ধতার মধ্য থেকে সাংবাদিকদের সহায়তার জন্য নানা উদ্যোগ নিয়েছে সরকার। সংবাদ পরিবেশনের সময় নিখুঁত ভাবে সংবাদ পরিবেশনের উপর গুরুত্ব দেন তিনি। অনুষ্ঠানে শ্রম ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বক্তব্য রাখেন, অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন, ত্রিপুরা ওয়ার্কিং জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সভাপতি বিজয় পাল। তেলেঙ্গানা রাজ্য থেকে আসা ৪ জন সাংবাদিককে অনুষ্ঠানে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

CM Reaction on Bangladesh :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বাংলাদেশের নির্বাচনে অসাধারণ জয়ের জন্য বি.এন.পি-র চেয়ারম্যান তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন। গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, বাংলাদেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ত্রিপুরার সঙ্গে সম্পর্ক আরো গভীর হবে।

CM-Aadi Mahotsav :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার শিশু উদ্যানে ৮ দিনব্যাপী আদি মহোৎসবের উদ্বোধন করেছেন। ভারত সরকারের জনজাতি মন্ত্রকের অধীন ট্রাইবেল কোপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেড বা TRIFED আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জনজাতিদের আর্থ-সামাজিক মান উন্নয়নে কেন্দ্রীয় সরকারের একটি অন্যতম কর্মসূচি হল আদি মহোৎসব। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমবায় মন্ত্রী শুল্লাচরণ নোয়াতিয়া, ট্রাইফেডের(TRIFED) ম্যানেজিং ডিরেক্টর এম রাজা মুরগান।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩১তম পর্বা। প্রধানমন্ত্রী জনগনকে তাদের স্ফুটন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO.

1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে।

Parampara programme:

শৈশব থেকে বড়দের শ্রদ্ধা ও সহায়তা করার পরম্পরা রপ্ত করতে গতকাল শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে এক ব্যাতিক্রমী অনুষ্ঠানের আয়োজন করে স্থানীয় শিশু শিক্ষা মন্দির নার্সারী স্কুল। পরম্পরা নামক অনুষ্ঠানে তিন প্রজন্মকে একত্রিত করে ব্যাতিক্রমী এই অনুষ্ঠানের সূচনা করেন শান্তিরবাজার পৌর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না মজুমদার বৈদ্য। শান্তিরবাজার প্রেস ক্লাবের সভাপতি সজল কান্তি বৈদ্য, প্রবীন নাগরিক রথীন্দ্র কুমার চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন অনুষ্ঠানে।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস।
